## চতুর্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় শীর্ষক অবহিতকরণ সভার কার্যবিবরণীঃ

সভাপতি: জনাব মোঃ মাহবুবুর রহমান, জেলা মৎস্য কর্মকর্তা, চাঁপাইনবাবগঞ্জ

স্থান: জেলা মৎস্য কর্মকর্তা, চাঁপাইনবাবগঞ্জ এঁর সম্মেলন কক্ষ।

তারিখ: ২৫/০৬/২০২৩ খ্রি.

সময়: সকাল ১০.০০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক" তে দেখানো হ'ল

**সভার কার্যবিবরণীঃ**

সভার শুরুতে সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি জানান যে, চতুর্থ শিল্পবিপ্লব (ফোর আই আর) হলো আধুনিক স্মার্ট প্রযুক্তি ব্যবহার করে প্রচলিত উৎপাদন এবং শিল্প ব্যবস্থায় স্বয়ংক্রিয় করণের একটি চলমান প্রক্রিয়া। এর ফলে মানুষের আয়ের পরিমান বৃদ্ধির সাথে সাথে জীবন মানও বাড়বে। বাংলাদেশের অর্থনৈতিক সমৃদ্ধি, খাদ্য নিরাপত্তা বিধান ও ঈপ্সিত লক্ষ্য অর্জনে মৎস্য সেক্টরের অবদান অত্যন্ত গুরুত্বপূর্ণ ও অনস্বীকার্য। মৎস্য ও মৎস্যজাত পণ্য উৎপাদনে ব্যবস্থাপনা কৌশল পরিবর্তিত হবে;

সভাপতি জানান যে, চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় তথ্য মৎস্য সেক্টরের লক্ষ্য অর্জনে নতুন নতুন প্রযুক্তির ব্যবহার ও প্রভাব অনস্বীকার্য যেমন-

- **রিমোট চালিত যানবাহনঃ** এর সাহায্যে মৎস্য খামার মালিক ঘরে বসেই খামারের কার্যক্রম পরিচালনা করতে পারবে;
- **খাদ্য প্রয়োগে অটোফিডারঃ** মৎস্যচাষে খাদ্য বাবদ খরচ প্রায় দুই-তৃতীয়াংশ। প্রচলিত ব্যবস্থায় খাদ্য প্রয়োগের ফলে শুধু খাদ্যের অপচয়ই হয় না বরং অনেক ক্ষেত্রে পানি দূষণের কারণ হয়ে দাঁড়ায়। এ জন্য প্রযুক্তি নির্ভর অটো ফিডার ব্যবহারের মাধ্যমে খাবার প্রয়োগ করা হলে খাদ্যের অপচয় বহুলাংশে কমানো যায়। এর মাধ্যমে মাছ তার চাহিদা অনুযায়ী খাবার খাচ্ছে কিনা বা পাচ্ছে কিনা তা পর্যবেক্ষণ করার পাশাপাশি খাবার বেশি হয়ে ছেনো কম হয়েছে তা পরিস্কারভাবে ঘরে বসে পর্যবেক্ষণ করে দ্রুত সিদ্ধান্ত নেয়া যায়।
- **স্থায়ীত্বশীল মৎস্যচাষে সেনসরঃ** সেন্সরে প্রযুক্তিগত উৎকর্ষতা সাধনের ফলে মাছচাষে অমিত সম্ভাবনার দ্বারা উন্মুক্ত হয়েছে বলে প্রতীয়মান হয়। মজুদকৃত মাছ কতটা অভুক্ত এবং কতটুকু খাবারের প্রয়োজনীয়তা রয়েছে ,সেন্সর তা বলে দিতে পারে। পানির ভৌত- রাসায়নিক গুণাগুণ পরিমাপক ওয়্যারলেস সেন্সর মুলত একটি কন্ট্রোল বক্সের সাহায্যে নিয়ন্ত্রিত হয় এবং ডাটাসমূহ নিয়ন্ত্রণ কক্ষে সরবরাহ করে।
- **মনিটরিং এ ড্রোনঃ** সমুদ্রে বা বৃহৎ জলাশয়ে মাচচাষ সবসময়ই ঝুঁকিপূর্ণ ও ব্যয়বহুল। ড্রোন অনায়াসেই পানির নীচে প্রবেশ করে স্থাপিত জালের অবস্থা ও মাছের স্বাস্থ্য খুব সহজেই পর্যবেক্ষণ করতে পারে। তাছাড়া খামারের অবকাঠামো গত অবস্থা ও সার্বিক ব্যবস্থাপনা মনিটরিং-এ ড্রোন খুবই কার্যকরী।
- **মৎস্যচাষে রোবোটিক খাঁচাঃ** মৎস্যচাষে রোবোটিক খাঁচার প্রচলন একটি বিকল্প ও লাভজনক উপায় হিসেবে দেখা দিতে পারো। সমুদ্রে বা বৃহৎ জলাশয়ে রোবোটিক খাঁচা ব্যবহার করে দক্ষতা ও সফলতার সাথে মাছচাষ করা যেতে পারে।
- **সিদ্ধান্ত গ্রহণে কৃত্রিম বুদ্ধিমত্তাঃ** সেন্সরে ধারণকৃত তথ্য ব্যবহার করে অনেক কোম্পানি সিদ্ধান্ত নেয়ার জন্য কৃত্রিম বুদ্ধিমত্তার শক্তি ব্যবহার করতে সক্ষম। মাছের খামার যান্তিকীকরণের অবিচ্ছেদ্য অংশ হিসেবে অনেক উন্নত দেশেই কৃত্রিম বুদ্ধিমত্তার প্রভাব আজ দৃশ্যমান। এটি খামার ব্যবস্থাপনাকে করেছে সহজ এবং উৎপাদন বেড়েছে কয়েক গুণ।

বিস্তারিত আলোচনা শেষে সভাপতি উপস্থিত সদস্যবৃন্দ বিশেষ করে সিনিয়র/ উপজেলা মৎস্য কর্মকর্তা, খামার ব্যবস্থাপকগণ এবং উপস্থিত অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীগণকে এখন থেকেই চতুর্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় প্রয়োজনীয় পরিকল্পনা ও বাস্তবায়নে পদক্ষেপ গ্রহণের পরামর্শ প্রদান করেন। তিনি জানান যে, চতুর্থ শিল্পবিপ্লব বাস্তবায়নের পাশাপাশি উল্লেখিত চ্যালেঞ্জ মোকাবেলায় নিম্নবর্ণিত পদক্ষেপসমূহ গ্রহণ করা যেতে পারে-

- চতুর্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলায় স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদী কর্মপরিকল্পনা তৈরী ও তা বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা;
- উন্নত প্রশিক্ষণের মাধ্যমে সকল স্তরে ফোর আই আর উপযোগী জনবল তৈরী করা;
- মৎস্য সেক্টরের জন্যস্বতন্ত্র বিনিয়োগ পরিকল্পনা তৈরী এবং আর্থিক সংস্থানের ব্যবস্থা করা;
- চাষি পর্যায়ে প্রযুক্তি ভিত্তিক হাতে-কলমে প্রশিক্ষণ নিশ্চিত করা;
- চ্যালেঞ্জ মোকাবেলায় সরকারী-বেসরকারী ও উন্নয়ন সহযোগী সংস্থার মাঝে দ্বি-পাক্ষিক ও বহপাক্ষিক সহযোগিতা বৃদ্ধি করা;
- সহযোগিতা মূলক গবেষণা পরিচালনার পাশাপাশি পাইলট প্রকল্প গ্রহণ এবং তা পর্যায়ক্রমে স্কেল আপকরা;
- ফোর আই আর -এর চ্যালেঞ্জ মোকাবিলায় সকল স্তরে ন্যূনতম খরচে দ্রুত গতির ইন্টারনেট নিশ্চিত করা;
- ইন্ডাষ্ট্রি ৪.০ তথা একোয়া কালচালচার ৪.০ উপযোগী প্রযুক্তি উদ্ভাবন ও তা উৎপাদন ব্যবস্থায় প্রবর্তনের নিমিত্ত দেশি-বিদেশী বিনিয়োগ আকৃষ্ট করা;
- ফোরআইআর সংশ্লিষ্ট ইনোভেশন ইকো সিস্টেম গড়ে তোলা;

- সর্বোপরি নিরাপদ খাদ্য ও পুষ্টি চাহিদা নিশ্চিত করার পাশাপাশি এসডিজি ২০৩০ অর্জনকে সামনে রেখে স্মার্ট একোয়াকালচার তথা স্মার্ট ফিশফার্মিং বাস্তবায়নে মৎস্য সেক্টরের কর্মপরিকল্পনা ঢেলে সাজাতে হবে।

৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় লক্ষ্য অনুযায়ী কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক তা বাস্তবায়নে সচেষ্ট থাকার জন্য সভাপতি সকলকে আহবান জানান।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫-৬/২০২৩

(মোঃ মাহবুবুর রহমান)
জেলা মৎস্য কর্মকর্তা
চাঁপাইনবাবগঞ্জ।

পরিশিষ্ট 'ক' (উপস্থিতি ও হাজিরা)

| ক্রঃ নং | কর্মকর্তাগণের নাম | পদবী ও কর্মস্থল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | জনাব মোঃ মাসুদ রানা | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, সদর, চাঁপাইনবাবগঞ্জ | |
| ২. | জনাব ড.মোঃ আবু বক্কর ছিদ্দিক | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ | স্বাক্ষরিত |
| ৩. | জনাব মোঃ আলী হোসেন শামীম | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ | স্বাক্ষরিত |
| ৪ | জনাব মোঃ ইমরুল কায়েস | ফিসারিজ কোয়ারেন্টাইন অফিসার, সোনা মসজিদ স্থলবন্দর, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ | স্বাক্ষরিত |
| ৫ | জনাব মোছাঃ সুমিতা খাতুন | উপজেলা মৎস্য কর্মকর্তা, গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ | স্বাক্ষরিত |
| ৬ | জনাব মুঃ ওয়ালিউল ইসলাম | উপজেলা মৎস্য কর্মকর্তা, ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ | স্বাক্ষরিত |
| ৭ | জনাব মোঃ আব্দুর রহিম | খামার ব্যবস্থাপক, মৎস্যবীজ উৎপাদন খামার, নাচেল, চাঁপাইনবাবগঞ্জ | স্বাক্ষরিত |
| ৮ | জনাব মোঃ আমানুল্লাহ খান | খামার ব্যবস্থাপক, মৎস্যবীজ উৎপাদন খামার, আমনুরা, চাঁপাইনবাবগঞ্জ | স্বাক্ষরিত |
| ৯ | জনাব মোঃ নাসির উদ্দিন | মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা, উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ | স্বাক্ষরিত |
| ১০ | জনাব মোঃ নাইমুল হক | সহকারী মৎস্য কর্মকর্তা, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, সদর, চাঁপাইনবাবগঞ্জ | স্বাক্ষরিত |
| ১১ | জনাব মোঃ আমিনুর রহমান | সহকারী মৎস্য কর্মকর্তা, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ | স্বাক্ষরিত |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর
চাঁপাইনবাবগঞ্জ।
fisheries.chapainawabganj.gov.bd

পত্র নং: ৩৩.০২.৭০০০.৪০০.৫৫.০০১.২১-৩৫৫

তারিখ : ১১ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ / ২৫ জুন ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে /জ্ঞাতার্থে ও কার্যর্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১. উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী
২. জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ
৩. সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্কর্তা, সদর, নাচোল, শিবগঞ্জ, গোমস্তাপুর ও ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ
৪. . সংশ্লিষ্ট নথি

২৫-৬/২০২৩

(মোঃ মাহবুবুর রহমান)
জেলা মৎস্য কর্মকর্তা
চাঁপাইনবাবগঞ্জ।
ফোন: ০২৫৮৮৮৯৩৪৮২
dfonawabgonj@fisheries.gov.bd

# ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ সভা

সভাপতি: জনাব মোঃ মাহবুবুর রহমান, জেলা মৎস্য কর্মকর্তার, চাঁপাইনবাবগঞ্জ

সভার স্থান: জেলা মৎস্য কর্মকর্তার সম্মেলন কক্ষ, চাঁপাইনবাবগঞ্জ

তারিখ: ২৫/০৬/২০২৩ খ্রিঃ

**সময়: ১০.০০ ঘটিকা**

| ক্রমিক নং | নাম ও পদবী | কর্মস্থল/ ঠিকানা | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব মোঃ মাসুদ রানা<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর<br>সদর, চাঁপাইনবাবগঞ্জ | |
| ২ | জনাব মোঃ আবু বক্কর ছিদ্দিক<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর<br>শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ | |
| ৩ | জনাব মোঃ আলী হোসেন শামীম<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর<br>নাচোল, চাঁপাইনবাবগঞ্জ | |
| ৪ | জনাব মোঃ ইমরুল কায়েস<br>ফিসারিজ কোয়ারেন্টাইন অফিসার | ফিসারিজ কোয়ারেন্টাইন অফিসার<br>সোনা মসজিদ স্থলবন্দর<br>শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ | |
| ৫ | জনাব মোছাঃ সুমিতা খাতুন<br>উপজেলা মৎস্য কর্মকর্তা | উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর<br>গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ | |
| ৬ | জনাব মুঃ ওয়ালিউল ইসলাম<br>উপজেলা মৎস্য কর্মকর্তা (চঃদাঃ) | উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর<br>ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ | |
| ৭ | জনাব মোঃ আব্দুর রহিম<br>খামার ব্যবস্থাপক | মৎস্যবীজ উৎপাদন খামার<br>নাচোল, চাঁপাইনবাবগঞ্জ | |
| ৮ | জনাব মোঃ আমানুল্লাহ খান<br>খামার ব্যবস্থাপক | মৎস্যবীজ উৎপাদন খামার<br>আমনুরা, চাঁপাইনবাবগঞ্জ | |
| ৯ | জনাব মোঃ নাসির উদ্দিন<br>মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা | উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর<br>গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ | |
| ১০ | জনাব মোঃ নাইমুল হক<br>সহকারী মৎস্য কর্মকর্তা | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর<br>সদর, চাঁপাইনবাবগঞ্জ | |
| ১১ | মো: [illegible] রহমান -<br>[illegible] | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর,<br>নাচোল, চাঁপাইনবাবগঞ্জ | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর
চাঁপাইনবাবগঞ্জ।
fisheries.chapainawabganj.gov.bd

পত্র নং-৩৩.০২.৭০০০.৪০০.৫৫.০০২.২১.৩৪৮

তারিখ: ০৪ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ
১৮ জুন ২০২৩ খ্রিষ্টাব্দ

নোটিশ

আগামি ২৫/০৬/২০২৩ খ্রিঃ তারিখ রোজ রবিবার সকাল ১০.০০ ঘটিকায় ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ সভা জেলা মৎস্য কর্মকর্তার সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত তারিখে যথাসময়ে উপস্থিত থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

১৮/০৬/২০২৩

(মোঃ মাহবুবুর রহমান)
জেলা মৎস্য কর্মকর্তা
চাঁপাইনবাবগঞ্জ।
ফোন: ০২৫৮৮৮৯৩৪৮২
dfonawabgonj@fisheries.gov.bd

১. সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা, সদর, নাচোল, শিবগঞ্জ, গোমস্তাপুর ও ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ
২. ফিসারিজ কোয়ারেন্টাইন অফিসার, সোনামসজিদ স্থলবন্দর, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ
৩. খামার ব্যবস্থাপক, মৎস্যবীজ উৎপাদন খামার, আমনুরা ও নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
৪. জনাব.....................................................।

সদয় অবগতি/ অবগতির অনুলিপি প্রেরণ করা হ'ল।

১. উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী
২. জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ
৩. দপ্তর নথি।